

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলীর কার্যালয়
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কোম্পানীগঞ্জ উপজেলা, নোয়াখালী ।

কোম্পানীগঞ্জ উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

১। সভাপতি : বেগম আরজুমান পারভীন
মহিলা ভাইস চেয়ারম্যান
কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ, নোয়াখালী
ও

সভাপতি, উপজেলা জনস্বাস্থ্য ও স্যানিটেশন কমিটি ।

সভার তারিখ ২৮/১২/২০২১ইং

সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা

সভার স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ ।

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট- "ক"

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন ।

৩। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, "পরিবেশ বান্ধব সোলার ওয়াটার ডিস্ট্রিবিউশন ইউনিট স্থাপনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহকরণ" প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে ১৫টি সোলার ইউনিট এর বরাদ্দ পাওয়া গিয়াছে । উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ থানা, উপজেলা হাসপাতাল, উপজেলা ভূমি অফিস, বসুরহাট পৌরসভাসহ গুরুত্বপূর্ণ জায়গায় সোলার ইউনিট স্থাপনের কাজ চলমান আছে ।

৪। ২০২১-২০২২ অর্থ বছরে "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" (SWSC) প্রকল্পের আওতায় ১০৮ টি গভীর নলকূপ ও ১০০টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গিয়াছে এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সাহেবদের কে গভীর নলকূপ স্থাপনের জন্য উপকারভোগীর তালিকা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে । তাছাড়া ২০২১-২০২২ অর্থ বছরে পল্লী অঞ্চলে পানি সরবরাহ (VWSP) প্রকল্পের আওতায় ৪৫টি সাবমারসিবল পাম্পযুক্ত নলকূপের বরাদ্দ পাওয়া গিয়াছে এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সাহেবদের কে গভীর নলকূপ স্থাপনের জন্য উপকারভোগীর তালিকা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে ।

৪। ২০২০-২১ অর্থ বছরে বাংলাদেশের ২৩টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প (জিওবি-আইডিবি) প্রকল্পের আওতায় বসুরহাট পৌরসভায় 23.80 Kms Pipe line, 2145 House Connection With Meter & 10 Street Hydrants স্থাপনের বরাদ্দ পাওয়া গেছে এবং পাইপ লাইন স্থাপন কাজ শুরু হয়েছে । প্রকল্পের অন্যান্য কার্যক্রম চলমান আছে ।

৫। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, PEDP-4 প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থ বছরের ১। উত্তর পূর্ব চর কাকড়া স.প্রা.বি ২। মাকসুদা মডেল স.প্রা.বি. এর ওয়াশরুম নির্মাণের কাজ শেষ হয়েছে ।

৬। পল্লী অঞ্চলে পানি সরবরাহ (VWSP) প্রকল্পের আওতায় জনসাধারণের নিরাপদ পানির সুব্যবস্থা নিশ্চিত করতে সরকারী খাস জমিতে ১০ টি বড় আকারের পুকুর খননের কাজ শেষ হয়েছে ।

যথাসময়ে কাজ সম্পন্ন করার লক্ষ্যে তদারকি অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয় ।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।

(বেগম আরজুমান পারভীন)

মহিলা ভাইস চেয়ারম্যান

কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ, নোয়াখালী

ও

সভাপতি, উপজেলা জনস্বাস্থ্য ও স্যানিটেশন কমিটি ।

তারিখ : ০২/০১/২০২২ইং

স্মারক নং : ০২/০২

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। উপজেলা চেয়ারম্যান, কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ, নোয়াখালী ।

২। উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ উপজেলা, নোয়াখালী ।

(উপ-সহকারী প্রকৌশলী)

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

কোম্পানীগঞ্জ উপজেলা, নোয়াখালী





ও সদস্য সচিব

উপজেলা জনস্বাস্থ্য ও স্যানিটেশন কমিটি ।

পরিশিষ্ট "ক"

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটি

তারিখঃ ২৬/১৭/২০২৩ইং

ক্রমিক নং	নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
১	বেগম আরজুমান পারভীন মহিলা ভাইস চেয়ারম্যান কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ, নোয়াখালী	সভাপতি	
২	আজম পাশা চৌধুরী ভাইস চেয়ারম্যান কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ, নোয়াখালী	সদস্য	
৩	মোহাম্মদ জায়দল হক চেয়ারম্যান ৫নং চরফকিরা ইউ পি	সদস্য	
৪	সিরাজিস সালেকিন রিমন চেয়ারম্যান ৬ নং রামপুর	সদস্য	
৫	মাস্টার উদ্দিন উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	সদস্য সচিব	